



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/8/2021

গভর্নর ক্যাথি হোচুল

নিউ ইয়র্কের সৃজনশীল শিল্পের পুনরুজ্জীবিতকরণে সহায়তা করতে গভর্নর হোচুলের "নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ: দ্যা শো" এর সাথে অংশীদারিত্বের ঘোষণা

ময়নিহান ট্রেন হল ও রবার্ট এফ. ওয়াগনার জুনিয়র পার্ক সহ নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহের আইকনিক শো ভেন্যুগুলোতে স্টেটের পক্ষ থেকে সৌজন্য অ্যাক্সেস প্রদান করা হবে

নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ - যেটির সব অনুষ্ঠানের ক্ষেত্রে টিকা গ্রহণের প্রমাণ দেখানো আবশ্যিক হবে - অর্থনীতি নিরাপদে পুনরায় খুলে দেয়া ও আমেরিকার ফ্যাশনের রাজধানীর পুনরুদ্ধারের উপর আলোকপাত করে

কোভিড-19 মহামারীর কারণে কষ্টকর পরিস্থিতির সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসায়ীদের গভর্নর হোচুল মনে করিয়ে দিয়েছেন যে কোভিড-19 মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনরুদ্ধার তহবিল কর্মসূচির মাধ্যমে তহবিল বরাদ্দ করা এখনো অব্যাহত রয়েছে।

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কের সৃজনশীল শিল্পখাতের সমৃদ্ধিতে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে "নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ: দ্যা শো" এর সাথে একটি অংশীদারিত্বের ঘোষণা দিয়েছেন। এই সেপ্টেম্বরের মৌসুমে ময়নিহান ট্রেন হল ও ব্যাটারি পার্ক সিটির রবার্ট এফ. ওয়াগনার জুনিয়র পার্ক সহ নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহের আইকনিক শো ভেন্যুগুলোতে সৌজন্য অ্যাক্সেস প্রদান করার জন্য স্টেট নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহের কেন্দ্রীয় অনুষ্ঠান, "NYFW: দ্যা শো" এর প্রযোজক - IMG এর সাথে স্টেট অংশীদারিত্ব গড়ে তুলেছে।

"নিউ ইয়র্ক হলো আমেরিকার ফ্যাশনের রাজধানী, এবং এবছরের নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ একটি জোরালো বার্তা পৌঁছে দিবে যে নিউ ইয়র্ক সিটি ফিরে এসেছে," বলেছেন গভর্নর হোচুল। "নিউ ইয়র্কের ফ্যাশন ও সৃজনশীল শিল্প হলো অর্থনৈতিক সমৃদ্ধি ও পর্যটনের গুরুত্বপূর্ণ চালিকাশক্তি এবং মহামারীর কারণে এগুলো বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমাদের ক্ষুদ্র ব্যবসায়ীদের ফিরে আসায় সহায়তা করতে ও নিউ ইয়র্কের অর্থনীতিকে সতেজ করে তুলতে ফ্যাশন শিল্পখাতের সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত।"

IMG ফ্যাশন ইভেন্টস এন্ড প্রপার্টিজ (IMG Fashion Events and Properties) এর প্রেসিডেন্ট লেসলি রুসো বলেন, "আমরা গভর্নর হোচুল ও নিউ ইয়র্ক স্টেটের প্রতি তাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ। আমাদের স্টেট কোভিড-19 (COVID-19) মহামারী

থেকে সেরে উঠার ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতৃত্বের স্থানে থাকার দৃষ্টান্ত স্থাপন করেছে, এবং তাদের নির্দেশনার কারণেই আমরা ফ্যাশন শিল্পে নিরাপদে ও সফলভাবে কাজে ফিরতে সক্ষম হয়েছি। এই অনন্য অংশীদারিত্বের মাধ্যমে আমরা এই মৌসুমের সংগ্রহগুলোর পটভূমি হিসেবে নিউ ইয়র্ক সিটির আইকনিক জায়গাগুলো প্রদর্শন করতে পেরে গর্বিত বোধ করছি।"

নিউ ইয়র্কের পুনরুদ্ধারের প্রতি শ্রদ্ধা দেখানো ও তা উদযাপনের জন্য নিউ ইয়র্ক ভিত্তিক তিনজন ফ্যাশন ডিজাইনার স্টেটের ঐতিহাসিক ভেন্যুগুলোতে তাদের শো আয়োজন করবেন।

আজ রাত ৭টায় রবার্ট এফ. ওয়াগনার জুনিয়র পার্কে গভর্নর ক্যাথি হোচুলের উপস্থিতিতে প্রবাল গুরাং তার প্রথম সংগ্রহ প্রদর্শনের আয়োজন করেছেন। 10 সেপ্টেম্বর, শুক্রবার বিকাল 4টায় রবার্ট এফ. ওয়াগনার জুনিয়র পার্কে সিহিয়া রোউলে তার আসন্ন প্রথম সংগ্রহ প্রদর্শনের আয়োজন করবেন। সবশেষে, 12 সেপ্টেম্বর, রবিবার দুপুর 12টায় ময়নিহান ট্রেন হলে ভিক্টর গ্লেমাউড তার প্রথম সংগ্রহ প্রদর্শনের আয়োজন করবেন।

নিউ ইয়র্ক ফ্যাশন সপ্তাহ নিউ ইয়র্ক ও এর আশেপাশের সৃজনশীল শিল্পগুলোকে দেশীয় ও বৈশ্বিক উভয় পর্যায়ে ফ্যাশনের রাজধানী হিসেবে উদযাপন করে। ক্রেতা, মিডিয়া, শিল্প ও ভোক্তা দর্শকদের কাছে নতুন সংগ্রহ পরিচয় করিয়ে দেয়ার এই সুযোগ আমেরিকার ফ্যাশন রাজধানীতে ফ্যাশন ডিজাইনারদের অব্যাহত সফলতার চালিকাশক্তি।

ফ্যাশন, খুচরা বিক্রয় ও সৃজনশীল শিল্প একসাথে নিউ ইয়র্ক স্টেটের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ইঞ্জিনের প্রতিনিধিত্ব করে যা কোভিড-19 মহামারীর কারণে অসমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। মহামারীর আগে শুধু নিউ ইয়র্ক সিটিতেই ফ্যাশন শিল্পখাত সিটির কর্মীদের 4.6 শতাংশের কর্মসংস্থানের ব্যবস্থা করেছিল, যার মোট মজুরির পরিমাণ ছিল প্রায় 11 বিলিয়ন ডলার।

ক্ষতিগ্রস্ত হওয়া ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা করতে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান পুনরুদ্ধার ও নতুন কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকারি ও বেসরকারি খাত একসঙ্গে কাজ করছে। কোভিড-19 মহামারীর কারণে কষ্টকর পরিস্থিতির সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাগুলো এখনো [কোভিড-19 মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনরুদ্ধার তহবিল কর্মসূচির](#) মাধ্যমে তহবিল পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

2021 সালের মে মাসে IMG NYFW-এর পুনরুজ্জীবিতকরণের একটি ভিত্তি তৈরি করতে ও কোভিড-19 মহামারীর বিধ্বংসী প্রভাব কাটিয়ে উঠে নিউ ইয়র্কের ফ্যাশন ও খুচরা বিক্রয় শিল্পের পুনরুদ্ধারে সাহায্য করতে IMG ফ্যাশন অ্যালায়েন্স (IMG Fashion Alliance) গঠন করে। এই কর্মসূচির মাধ্যমে IMG আল্টুজারা, ব্র্যান্ডন ম্যাক্সওয়েল, জ্যাসন উ, লাকুয়ান স্মিথ, মারকারিয়ান, মন্স, প্রবাল গুরাং, প্রোয়েঞ্জা স্কাউলার, রোডার্ভে, সের্গেই হাডসন ও টেলফার সহ NYFW এর 11 জন স্বতন্ত্র ডিজাইনারের জন্য সহায়তা, তহবিল ও রিসোর্স প্রদান করেছে।

"NYFW: দ্যা শো কর্মসূচির" সব অনুষ্ঠানে কোভিড-19 এর টিকার সম্পূর্ণ কোর্স গ্রহণের প্রমাণ যেমন [এক্সেলসিওর পাস](#), [এক্সেলসিওর পাস প্লাস](#) অথবা বিকল্প যাচাইকরণ পদ্ধতি দেখানো আবশ্যিক।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)